দৈনিক ইত্তেফাক

183

তারিখ ... 07 NOV 1994 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 1 ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২ ছাত্রের ভর্তি বাতিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। অবৈধ উপায়ে ভর্তি হওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২ জন ছাত্রের ভর্তি বাতিল করা হইয়াছে। ১৯৯৩-৯৪ শিক্ষা-বর্ষে বিভিন্ন বিভাগে প্রথমবর্ষ অনার্স শ্রেণীতে অবৈধ উপায়ে ভর্তি হওয়া আরও ১৬ জন ছাত্র-ছাত্রীর

(১২ পৃঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

ভর্তি বাতিলের প্রক্রিয়া হিসাবে তাহাদের শোকজের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। গতকাল বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। ভর্তি বাতিলকৃতরা হইল: ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া ছাত্র মোঃ ইকবাল হোসেন (রোল নং ফর-১৪৭৩) এবং আনিসুর রহমান (রোল নং ফর-১৪৭৫)। ইহাছাড়া ভুয়া ভর্তির বিষয়ে তদন্তের জন্য সিণ্ডিকেট সদস্য গাজীউল হককে আহ্বায়ক করিয়া ৫ সদস্যের একটি কমিটি গঠিত হইয়াছে।